উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট
www.companiganj.sylhet.gov.bd

উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৪ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব আবিদা সুলতানা
প্রশাসক, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট

সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ২৬/০৯/২০২৪ খ্রিস্টাব্দ, বেলা-১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিগত ২৯/০৮/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| নং | আলোচ্য বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্তকর্তা সভাকে জানান যে, উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্রাফিসের মাধ্যমে সেবাসমূহ কৃত্রিম প্রজনন ৮০ মাত্রা, গবাদি প্রাণির টিকা প্রদান ২,২৯৬ মাত্রা, হাসমুরগীর টিকা প্রদান ১২,৪০০ মাত্রা, গবাদী প্রাণির চিকিৎসা ১,৬৮০টি, হাসমুরগীর চিকিৎসা ১৬,৩৫০টি, ডিম উৎপাদন ১৬৩৫০টি, রাজস্ব আয় ১৫,১৩০/-, একদিনের হাসমুরগীর বাচ্চা বিতরণ ২,৫০০টি, আত্মকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পের ক্ষুদ্র ঋণ ছাগল, ভেড়া ও হাসমুরগীর ঋণ আদায় বর্তমানে নাই। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের কার্যক্রম সুষ্টু তদারকিসহ গবাদি পশুর রোগ বালাই দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি ৩১ শয্যা থেকে উন্নীত হয়ে ৫১ শয্যাতে রুপান্তর হয়েছে। হাসপাতালের নতুন ভবনও প্রস্তুত রয়েছে। কিন্তু জনবলের অভাবের কারণে নতুন ভবন ব্যবহার করা যাচ্ছে না। এদিকে হাসপাতালে দিনদিন রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। প্রতিদিন ৫১-৫৫ জন রোগী হাসপাতালে ভর্তি থাকে। হাসপাতালের ফ্লোর ও বারান্দায় ভর্তিকৃত রোগী রয়েছে। | কোম্পানীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নতুন ভবন ব্যবহার ও পর্যাপ্ত জনবল পদায়নের জন্য স্বাস্থ্য বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রদান করবেন উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে প্রণোদনার আওতায় কোম্পানীগঞ্জ উপজেলায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিভিন্ন রবি ফসলের বীজ ও সার সহায়তা প্রদান করা হবে (গম ৪০টি, ভূট্টা ৪০টি, সরিষা ৬৭০টি, সূর্যমূখী ৯০টি, চীনাবাদাম ৩০টি, মুগ ১০টি, অড়হড় ২০টি, শীতকালীন পেয়াজ ১০টি)। এছাড়া ২০২৪-২৫ অর্থ বছরে পূর্ণবাসনের আওতায় বন্যায় কবলিত ৩০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে উফসী সবজির বীজ এবং ১,০০০/-(এক হাজার) টাকা এবং ১০০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে হাইব্রীড সবজির বীজ ও ১,০০০/-(এক হাজার) টাকা বিকাশের মাধ্যমে সহায়তা প্রদান করা হবে। উপজেলায় পর্যাপ্ত পরিমাণে ইউরিয়া ও নন ইউরিয়া সারের মজুদ রয়েছে। সারের কোন সংকট হবে না বলে আশা করা যায়। | উপজেলা কৃষি অফিসার তাঁর মনিটরিং ও কার্যক্রমের জন্য সভায় তাকে ধন্যবাদ দেয়া হয়। কৃষির মানোন্নয়নে আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ২য় প্রান্তিক মূল্যায়ন গ্রহণ চলমান রয়েছে। এছাড়া প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার প্রাথমিক বিদ্যালয়ের সকল কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ১। গত ০৫/০৮/২০২৪ ইং তারিখে ছাত্র আন্দোলনে সহিংসতায় অত্র উপজেলার বিভিন্ন ভবন ব্যাপকভাবে ভাংচুর করা হয়। উপজেলা পরিষদের হলরুমসহ মূল ভবন দুটির নিচতলা ও দ্বিতীয় তলার থ্যাই জানালার গ্লাস, কয়েকটি দরজা, ইলেকট্রিক লাইনসহ বাথরুম ভাংচুর করা হয়। যার ফলে বিভিন্ন অফিসের বিভিন্ন নথিপত্র, কম্পিউটার ও অন্যান্য মালামালের নিরাপত্তার সমস্যার সম্মুখিন হতে হচ্ছে। উপজেলা পরিষদ হলরুমসহ ভবন দুটি সরেজমিনে পরিদর্শন ও ভাংচুরের ক্ষয়ক্ষতি নির্ধারণ ও পরিমাপ গ্রহণপূর্বক মেরামতের জন্য মোট ১০,৫৭,০০০/-(দশ লক্ষ সাতান্ন হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।<br><br>২। ডেঙ্গু প্রতিরোধে এডিস মশা নিধনের জন্য ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা যেতে পারে এবং প্রতিমাসে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান করা যেতে পারে। | ১। উপজেলা পরিষদের হলরুমসহ দুটি ভবন মেরামতের নিমিত্ত প্রস্তুতকৃত প্রাক্কলনটি প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২। ডেঙ্গু প্রতিরোধে এডিস মশা নিধনের জন্য ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং প্রতিমাসে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, অত্র দপ্তরের বরাদ্দকৃত নলকূপের সাইটের তালিকা সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের কাছ থেকে সংগ্রহ করা হচ্ছে। সাইট সিলেকশন হলে নলকূপ স্থাপনের কাজ শুরু হবে। অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা মৎস্য অফিসার আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, ৬ষ্ট হতে নবম শ্রেণীর বার্ষিক পরীক্ষা সৃজনশীল প্রশ্ন পদ্ধতি অনুযায়ী হবে। বার্ষিক পরীক্ষা পরিচালনার জন্য সংক্ষিপ্ত পাঠ্যসূচী অনুসরণ বিষয়ক বিশেষ নির্দেশনা দেয়া হয়েছে। নির্দেশনাগুলো পদত্ত সংক্ষিপ্ত পাঠ্যসূচী/সিলেবাস যথা সম্ভব সম্পন্ন করতে হবে। যদি সম্পন্ন করাতে না পারা যায় তাহলে যতটুকু সম্পন্ন হয়েছে তার মধ্যে হতে নমুনা প্রশ্নের আলোকে প্রশ্ন প্রণয়ন করে পরীক্ষা নিতে হবে। অনলাইনে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ব্যানবেইজ এর জরিপ কাজ চলমান। এনটিআরসি কর্তৃক সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের শূণ্য পদের তালিকার জন্য ৩০/০৯/২০২৪ তারিখের মধ্যে অনলাইনে জমা দিতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত বন্যায় পর্যাপ্ত পরিমান খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিধিমতে তার বিভাগের কার্যক্রম বাস্তবায়ন করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, অত্র অফিস সংলগ্ন যে পানির মটর ছিল তা ৫ই আগস্ট রাতে চুরি হওয়ার কারণে ওয়াশরুমে পানির অভাবে অসুবিধা হচ্ছে। কয়েকটি অফিসের কর্মকর্তা/কর্মচারীদের সুবিধার্থে একটি মটরের ব্যবস্থা করা প্রয়োজন। | আলোচ্য বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সভায় নবযোগদানকৃত উপজেলা যুব উন্নয়ন অফিসারকে স্বাগত জানানো হয়। | উপজেলা প্রকৌশলী/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ২৯২৪০ জন এবং বিভিন্ন পদ্ধতি গ্রহণকারী ২২০১৫ জন। এ বিভাগ থেকে খাবারবড়ি, ইনজেকশন, কনডম, ইমপ্লান্ট, আইইউডি ও ডেলিভারি সেবা প্রদান করা হচ্ছে। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমানে রয়েছে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার আলোচ্য বিষয়ের সেবাসমূহ অব্যাহত রাখবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভাকে জানান যে, ভিডব্লিউবি (মহিলাদের জন্য ৩০ কেজি চাল) জুলাই ও আগস্ট মাসের বিতরণ সম্পন্ন হয়েছে। ভিডব্লিউবি এর ৬টি ইউনিয়নের উপকারভোগীদের নিয়ে রিডো এনজিওর মাধ্যমে ১০টি প্রশিক্ষণ গ্রহণ করা হয়েছে। নয়াগাঙ্গের পাড় একটি বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে। ২৯/০৯/২০২৪ ইং তারিখ নয়াগাঙ্গের পাড় মা ও শিশু সহায়তা কর্মসূচীর উপকারভোগীদের নিয়ে একটি সচেতনতামূলক উঠান বৈঠক করা হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং উঠান বৈঠক কর্মসূচী অব্যাহত রাখবেন। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ এর আলোকে ১০টি ক্যাটাগরিতে ২০২৩ খ্রিঃ সনের শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। কোম্পানীগঞ্জ উপজেলা বাছাই কমিটি কর্তৃক মনোনীত শ্রী জিতেন্দ্র চন্দ্র বিশ্বাস 'উৎপাদনমূখী সমবায়' ক্যাটাগরিতে সিলেট বিভাগের মধ্যে শ্রেষ্ঠ সমবায়ী হওয়ার গৌরব অর্জন করেছেন। সভায় এই অর্জনের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমবায় অফিসারকে ধন্যবাদ জানানো হয়। | কোম্পানীগঞ্জ উপজেলা বাছাই কমিটি কর্তৃক মনোনীত শ্রী জিতেন্দ্র চন্দ্র বিশ্বাস 'উৎপাদনমূখী সমবায়' ক্যাটাগরিতে সিলেট বিভাগের মধ্যে শ্রেষ্ঠ সমবায়ী হওয়ায় তাকে অভিনন্দন জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, উপজেলাধীন বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগী যারা মারা গিয়েছেন তাদের তালিকা উপজেলা সমাজসেবা অফিসে দেয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। এই তালিকা পেলে প্রতিস্থাপন কার্যক্রম শুরু করা হবে। এছাড়া বয়স্কভাতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা সমাজসেবা অফিসার আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন এবং ইউপি চেয়ারম্যানগণ মারা যাওয়া ভাতাভোগীদের নামের তালিকা উপজেলা সমাজসেবা অফিসে জমা দিবেন। | উপজেলা সমাজসেবা অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, উনার বদলীর অর্ডার হয়েছে। কিছু দিনের মধ্যে নতুন কর্মস্থলে যোগদান করবেন। এই উপজেলায় উনি অনেক কাজ করেছেন। কোম্পানীগঞ্জ উপজেলায় বনাঞ্চল বৃদ্ধিতে কাজ করার অনেক সুযোগ রয়েছে। | উপজেলা বন কর্মকর্তা কোম্পানীগঞ্জ উপজেলায় অনেক একটিভ ছিলেন। বন রক্ষায় অনেক কাজ করেছেন। সেজন্য সভায় উনাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচীর ৩০.৭৫০ মেঃটন চাল পুষ্টি মিলার উত্তোলন করেছেন এবং ডিলার পয়েন্টে বিতরন কার্যক্রম সম্পন্ন করেছেন। টিসিবি খাতে ৩৬.৫১৫ মেঃটন চালের অধিযাচনপত্র পাওয়া গেছে। গত ২৩/০৯/২০২৪ তারিখে ডিলারগণ চালান জমা দিয়েছেন। ভিডব্লিউবি খাতে জুলাই-সেপ্টেম্বর/২০২৪ মাসের অধিযাপন পত্র পাওয়া গেছে। খাদ্য অধিদপ্তরের ০৯/০৯/২০২৪ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.২৩.১৭৫ স্মারকের নির্দেশনা মোতাবেক জুলাই-আগস্ট/২০২৪ মাসের চাল সেপ্টেম্বর/২০২৪ মাসে এবং সেপ্টেম্বর-অক্টোবর/২০২৪ মাসের চাল অক্টোবর/২০২৪ মাসে একত্রে বিতরনের নির্দেশনা পাওয়ায় চলতি মাসে শুধুমাত্র জুলাই-আগস্ট/২০২৪ মাসের চাল বিতরন করা হয়েছে। পত্র পাওয়ার আগে ইসলামপুর পশ্চিম ইউনিয়নে জুলাই-সেপ্টেম্বর/২৪ তিন মাসের চাল বিতরন করা হয়েছে। ওএমএস খাতে এ পর্যন্ত ৭৮.০০০ মেঃটন আটা ও ৫৭.৩০০ মেঃটন চাল বিক্রয় করা হয়েছে। বর্তমানে ওএমএস কার্যক্রম বন্ধ রয়েছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং বিধিমতে তার বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |

A-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | বিবিধ-১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সভাকে বলেন যে, উপজেলা পরিষদের পুরাতন অকেজো জীপগাড়ী নং-সিলেট-ঘ-১১-০২২৮ গাড়িটি নিলামে বিক্রয়ের জন্য তিনবার পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে দরপত্র আহবান করা হয়। অকেজো জীপগাড়ীটির মূল্য বেশী নির্ধারণ থাকায় কোন দরপত্র পাওয়া যায়নি। উপজেলা পরিষদের ১৬/০৩/২০২৩ খ্রিঃ তারিখের ৪৭ তম সাধারণ সভার কার্যবিবরণীর ২৭ নং অনুচ্ছেদের ৩ নং বিবিধে পরিষদের জীপগাড়ীটির মূল্য পুনরায় নির্ধারণের সিদ্ধান্ত গৃহিত হয় এবং জীপগাড়ীটির মূল্য পুনরায় নির্ধারণের নিমিত্তে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০১.২৬.০০৩.১১-৬৩৩, তাং-১০/০৭/২০২৩ খ্রিঃ মূলে উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট বরাবর পত্র প্রদান করা হয়। গত ০৪/০৮/২০২৪ তারিখে দেশব্যাপী ছাত্র আন্দোলনের সহিংসতায় উপজেলা পরিষদের পুরাতন অকেজো জীপগাড়ী নং-সিলেট-ঘ-১১-০২২৮ গাড়িটি ব্যাপক ভাঙ্গুর করে সম্পূর্ণ পুড়িয়ে দেয়া হয়। | গত ০৪/০৮/২০২৪ তারিখে দেশব্যাপী ছাত্র আন্দোলনের সহিংসতায় ব্যাপক ভাঙ্গুর করে পুড়িয়ে দেয়া উপজেলা পরিষদের পুরাতন অকেজো জীপগাড়ী নং-সিলেট-ঘ-১১-০২২৮ এর ছবিসহ তথ্য জেলা প্রশাসক, সিলেট বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজে[illegible] পরিষদ/উপজে[illegible] নির্বাহী অফিসার/ কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | বিবিধ-২ | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব সভাকে জানান যে, ১। উপজেলা পরিষদ থেকে রাজনগর ফেরিঘাট নির্মাণ করা হয়েছে যা অনেক খাড়াভাবে নির্মিত হয়েছে। যা ব্যবহারের অনুপযোগী। নতুন নির্মিত ফেরিঘাটটি ব্যবহার করলে যেকোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। নতুন বাজার হইতে দক্ষিণ ঢালারপাড় পিআইও ব্রীজটি হেলে গেছে। যেকোন সময় ব্রীজটি ধ্বসে যাওয়াসহ দুর্ঘটনা ঘটতে পারে। জনস্বার্থে ব্রীজটি মেরামত করা জরুরী।<br><br>২। রাউটি বিলের কাড়ায় অসময়ে পানি ঢুকে অনেক ফসলি জমি নষ্টে করে ফেলে। তাই বন্যা বা বৃষ্টির পানি আসার আগেই রাউটি বিলের বাঁধ মেরামত করা প্রয়োজন। | ১। আলোচ্যমতে উপজেলা প্রকৌশলী রাজনগর ফেরিঘাটটি সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নতুন বাজার হইতে দক্ষিণ ঢালারপাড় পিআইও ব্রীজটি সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট রাউটি বিলের কাড়ার বাঁধ সরেজমিন পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট/সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড সিলেট। |
| ২০ | বিবিধ-৩ | চেয়ারম্যান, ইছাকলস ইউপি সভাকে জানান যে, বাগজুর হইতে ইছাকলস ইউপি ছাতক হেডকোয়ার্টার পর্যন্ত রাস্তা পাকা করা জনস্বার্থে জরুরী হয়ে পড়েছে। উক্ত রাস্তাটি পাকাকরণের নিমিত্তে কর্তৃপক্ষের সহযোগীতা কামনা করছি। উপজেলা পরিষদ খেয়াঘাট উন্নয়ন তহবিল হতে পারকুল বাজার ঘাটলা নির্মাণের জন্য ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা এবং নতুন টুকের গাঁও খেয়াঘাটে ঘাটলা নির্মাণের জন্য ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ঘাটলা দুটি বরাদ্দকৃত অর্থ দ্বারা বাস্তবায়ন করা সম্ভব নয়।<br>২। তিনি সভাকে আরও জানান যে, ইছাকলস ইউনিয়নে কোন বিসিআইসি সারের ডিলার নেই। যার ফলে ইছাকলস ইউনিয়নের কৃষকদের দুর্ভোগ পোহাতে হচ্ছে। অত্র ইউনিয়নে কৃষি উন্নয়নের জন্য বিসিআইসি সারের ডিলার নিয়োগ দেয়া জরুরী হয়ে পড়েছে।<br>৩। ইছাকলস ইউনিয়ন পরিষদের অন্তর্গত নতুন পারকুল কান্দি পাড়া পূর্বের খালের উপর পুরাতন জরাজীর্ণ ব্রীজটি অপসারণ করা প্রয়োজন। উক্ত স্থানে মাটি দ্বারা বাধ দিয়ে জনসাধারণে চলাচল করা সম্ভব। | আলোচ্য বিষয়ে উপজেলা প্রকৌশলী সরেজমিন পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>২। উপজেলা কৃষি অফিসার ইছাকলস ইউনিয়নে বিসিআইসি সারের ডিলার নিয়োগ প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। আলোচ্য বিষয়ে পুরাতন জরাজীর্ণ ব্রীজটি সরেজমিন পরিদর্শন করে উপজেলা প্রকৌশলী আগামী সভায় উপস্থাপন করবেন। | উপজেলা কৃষি অফিসার/উপজেলা প্রকৌশলী/ চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | বিবিধ-৪ | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, গত বন্যায় উত্তর রণিখাই ইউনিয়নের অনেক রাস্তাঘাট ভেঙ্গে গেছে। অনেক জায়গায় গর্ত হয়ে গেছে। কোম্পানীগঞ্জ উপজেলায় কয়েক বছর ধরে কর্মসৃজন কর্মসূচীর কাজ বন্ধ রয়েছে। যার ফলে মাটি দিয়ে রাস্তাঘাট নির্মাণ ও পুঃনির্মাণের কাজ বন্ধ রয়েছে। | কোম্পানীগঞ্জ উপজেলায় কর্মসৃজন কর্মসূচী পুনরায় বাস্তবায়ন করার নিমিত্তে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.০৯.২৪

আবিদা সুলতানা
প্রশাসক
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১-১০৬৬(৪৫) তারিখঃ ২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।

১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
২। জেলা প্রশাসক, সিলেট।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
৪। জেলা.......................................অফিসার, সিলেট।
৫। চেয়ারম্যান............................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৬। উপজেলা ................অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৭। উপজেলা আইসিটি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হল)

২৬.০৯-২৪

আবিদা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।

উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | ডাঃ মোঃ কামরুজ্জামান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব মাহমুদা ইয়াসমিন | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনাব টিটু কুমার দে | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | জনাব মো: খোরশেদ আলম প্রধান | সহকারি প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য অফিস, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | জনাব মোঃ মাহবুব আলম সরকার | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনাব মোঃ আবু সাইদ মিয়া | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনাব শিবলী আতিকা তিন্নী | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব জিয়াদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | জনাব ইকবাল হোসেন ইমাদ | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | জনাব মোঃ ফয়জুর রহমান | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব সাজ্জাদুর রহমান | চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | জনাব মোহাম্মদ শাহজাহান | ফরেস্টার, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | জনাব মোঃ আলমগীর আলম | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | জনাব মনোজ কান্তি দাস চৌধুরী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনাব বিদ্যুৎ কান্তি দাস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | জনাব মোহাম্মদ আক্তার হোসেন | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | জনাব আসিফ খান রাবি | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব মো: বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | জনাব মো: আব্দুল মতিন | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | ড. মোহাম্মদ লুৎফুর রহমান | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

CamScanner

পরিশিষ্ট 'খ' <u>অনুপস্থিতঃ</u>

১। উপজেলা মৎস্য অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।

৩। চেয়ারম্যান, তেলিখাল ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।